এক ঝলক

ট্রেনের ধাক্কায় মৃত্যু দুই যুবকের

■ **স্টাফ রিপোর্টার:** কামারকুণ্ডুতে ট্রেনের ধাক্কায় মৃত্যু হল এক যুবকের। তাকে বাঁচাতে গিয়ে একই ট্রেনে ধাক্কা খান তারই পরিচিত এক ব্যক্তি। ঘটনাস্থলে তিনিও মারা যান। বুধবার সন্ধ্যায় কামারকুণ্ডু স্টেশনের পাশেই এই দুর্ঘটনা। মৃতরা হলেন মুন্না কাহার (২১) ও বিজয় দাস (৪১)। মুন্না কামারকুণ্ডু পশ্চিম পাড়ার বাসিন্দা, বিজয়ের বাড়ি বেলুড়ের গিরিশ ঘোষ রোডে। মৃতদের একজন স্থানীয় এলাকায় শ্বশুরবাড়িতেই থাকেন। এদিন দুজন বেলুড় যাবেন বলে ট্রেন ধরতে কামারকুণ্ডু স্টেশনে যাচ্ছিলেন। তাড়াতাড়িতে মুন্না লাইন পার হওয়ার সময় আপ গোয়ালিয়র এক্সপ্রেস এসে পড়ে। পিছনে থাকা বিজয় তাকে বাঁচাতে গেলে তিনিও ট্রেনে ধাক্কা খান। ঘটনাস্থলেই মারা যান দুজনে।

ব্যান্ডেলে খুন

■ **নিজস্ব সংবাদদাতা, হুগলি:** বুধবার সন্ধ্যায় কাজ থেকে বাড়ি ফেরার পথে দুষ্কৃতীদের গুলিতে খুন হলেন এক ব্যক্তি। বছর ৪৭-এর মৃত ব্যক্তির নাম লালবাবু গোয়ালা, বাড়ি নিউ কাজিডাঙা এলাকায়। কলকাতা পুরসভার কর্মী লালবাবু এ দিন কাজ থেকে বাড়ি ফিরছিলেন। ব্যান্ডেলে নেমে হেঁটে কুলিপাড়ার কাছে যাওয়ার সময় তাঁকে লক্ষ্য করে গুলি চালায় দুষ্কৃতীরা। বুকের বাঁ দিকে গুলি লেগে গুরুতর অবস্থায় মাটিতে লুটিয়ে পড়েন তিনি। স্থানীয়রা চুঁচুড়া ইমামবাড়া সদর হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। বাড়ির লোকেদের জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ।

এক্সাইড মোড়ে মিনিবাস ধাক্কা খেল ডিভাইডারে। —দুর্গাপ্রসাদ শ্রেষ্ঠ

বাঘের হানায়

■ **স্টাফ রিপোর্টার, বারুইপুর:** কাঁকড়া ধরতে গিয়ে বাঘের আক্রমণে আহত হলেন এক মৎস্যজীবী। নাম হরিপদ দাস (৩৫)। বাড়ি কুলতলি থানার গোপালগঞ্জ এলাকায়। তিনজনের মৎস্যজীবীর একটি দল রবিবার কাঁকড়া ধরতে যায় সুন্দরবনের সুর্যমণি জঙ্গলে। সেখানে হরিপদকে বুধবার বাঘে আক্রমণ করে। সঙ্গে থাকা মৎস্যজীবীরা বাঘের আক্রমণ থেকে উদ্ধার করে। প্রথমে কুলতলি জামতলা হাসপাতালে, তারপর কলকাতায় নিয়ে যাওয়া হয়েছে চিকিৎসার জন্য। বৈধ কাগজপত্র নিয়েই এই সমস্ত মৎস্যজীবীরা কাঁকড়া ধরতে গিয়েছিল সুন্দরবনের জঙ্গলে। কিন্তু বাঘের আক্রমণের মুখে পড়ার পর মৎস্যজীবী পরিবারটি অসহায় হয়ে পড়ে। অ্যাম্বুল্যান্স, চিকিৎসার খরচ জোগাড় করতে গিয়ে যথেষ্ট অসুবিধার মুখে পড়তে হয় তাদের। ইতিমধ্যে বনদপ্তরের তরফ থেকে ক্ষতিপূরণ দেওয়া শুরু হয়েছে নিহত ক্ষতিগ্রস্ত মৎস্যজীবী পরিবারগুলিকে।

অপহৃত বালক

■ **স্টাফ রিপোর্টার:** বউবাজার থেকে এক নাবালককে 'অপহরণ'-এর অভিযোগ উঠল। পুলিশ জানিয়েছে, বারো বছর বয়সের ওই নাবালক ছাত্র মধ্য কলকাতার বউবাজারের ইডেন হাসপাতাল রোডের বাসিন্দা। এখানেই একটি আবাসনে থাকে তার পরিবার। মঙ্গলবার সে বাড়ি থেকে বের হয়। কিন্তু রাত পর্যন্ত না ফেরায় তাকে বিভিন্ন জায়গায় খোঁজা হয়। কোথাও তাকে না পেয়ে তার বাবা বউবাজার থানায় অপহরণের অভিযোগ দায়ের করেন। নতুন আইনে এই মামলা শুরু হয়। ছেলেটির সন্ধান চলছে। এদিকে, এক নাবালিকাকে অপহরণ করে দিঘা নিয়ে যাওয়ার অভিযোগে মধ্য কলকাতার জোড়াসাঁকো থানার পুলিশ এক যুবককে গ্রেপ্তার করেছে। ধৃত যুবকের নাম মনিরুল শেখ। তাকে জেরা করা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

চাকায় পিষ্ট

■ **স্টাফ রিপোর্টার, হাওড়া:** বেলুড়ে লরির ধাক্কায় মৃত্যু হল এক বাইক আরোহীর। বুধবার দুপুরে মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে বেলুড়ের গিরিশ ঘোষ রোডে। একটি মালবোঝাই ট্রাক বেলুড়ের দিক থেকে বজরঙবলির দিকে যাচ্ছিল। গিরিশ ঘোষ রোডে একটি ইংরেজিমাধ্যম স্কুলের সামনে কোনওভাবে ট্রাকটিকে পাস কাটিয়ে যেতে যান ওই বাইক আরোহী মধ্যবয়স্ক ব্যক্তি। তখনই আচমকা নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তায় পড়ে যান ওই বাইক আরোহী।

নাদিয়াল হাসপাতাল

ছানি কাটার পর সংক্রমণ, নজর স্বাস্থ্যভবনের

স্টাফ রিপোর্টার: ছানি কাটার পর চোখে সংক্রমণ শুরু হল অন্তত ১৬ জনের। গত শুক্র ও শনিবার এঁদের চোখের অস্ত্রোপচার হয়েছিল মেটিয়াবুরুজ সুপার স্পেশালিটি হাসপাতালে। এর পরেই স্বাস্থ্যভবনের নির্দেশে হাসপাতালের অপারেশন অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখা হয়েছে। মেটিয়াবুরুজের সুপার স্পেশালিটি হাসপাতাল স্থানীয়দের কাছে নাদিয়াল হাসপাতাল নামে পরিচিত। ছানি কাটার পর হাসপাতালের পক্ষ থেকে তাঁদের সোম এবং মঙ্গলবার ফলো আপ চিকিৎসার জন্য হাসপাতালে আসতে বলা হয়। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী তাঁরা হাসপাতালে আসেন। রোগীদের চোখের ব্যান্ডেজ খোলার পর চিকিৎসকরা বুঝতে পারেন ছানি কাটার পর বড় কোনও সমস্যা হয়েছে। রোগীদের চোখে ব্যথা হচ্ছিল। অর্থাৎ অপারেশনের পর সংক্রমণ হয়েছে। সঙ্গে সঙ্গে রোগীদের কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালের রিজিওনাল ইনস্টিটিউট অফ অপথালমোলজি (আরআইও) যেতে বলা হয়। সেখানে একদফা চোখ পরীক্ষা হয়। এরপরে তাঁদের হাসপাতালে ভর্তি করে নেওয়া হয়। আরআইও-র ইউনিট-এ এবং ইউনিট-বি ওয়ার্ডে রোগীদের ভর্তি করা হয়েছে। মূলত অস্ত্রোপচারের পর সংক্রমণ ধরা পড়লে এই দুটি ওয়ার্ডে ভর্তি করা হয়। রাজ্য স্বাস্থ্য অধিকর্তা ডা. কৌস্তভ নায়েক বলেন, বিষয়টি খতিয়ে দেখতে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। হাসপাতালের অপারেশন থিয়েটারে এবং রোগীদের পরীক্ষা করবে কমিটি। কেন সংক্রমণ হল? মেটিয়াবুরুজ সুপার স্পেশালিটি হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, ছানি কাটার জন্য যেসব যন্ত্র ব্যবহার করা হয়েছিল সেগুলি জীবাণুমুক্ত করা হয়েছিল কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। এদিন বিকেলে স্বাস্থ্য ভবনের একদল বিশেষজ্ঞ মেটিয়াবুরুজ হাসপাতালে যান। যে সব যন্ত্র এবং ওষুধ ব্যবহার করা হয়েছিল, তার নমুনা সংগ্রহ করা হয়। আরআইওতে গিয়ে রোগীদের সঙ্গে কথা বলেন তাঁরা। চোখ পরীক্ষা করেন। আশঙ্কা, অস্ত্রোপচারের সময় সংক্রমণের জেরেই এই সমস্যা।

সোনার দোকানে লুঠপাট, ধৃত ৫

স্টাফ রিপোর্টার, ডায়মন্ডহারবার: পাঁচদিন আগে শুক্রবার আগ্নেয়াস্ত্র দেখিয়ে দিনেদুপুরে বজবজের একটি সোনার দোকানে লুঠপাট চালায় একদল দুষ্কৃতী। ঘটনাটি ঘটে দক্ষিণ ২৪ পরগনার বজবজ থানার বুইতা গ্রাম পঞ্চায়েতের মিঠাপুকুর এলাকায়। সেই ঘটনার কিনারা করল ডায়মন্ডহারবার জেলা পুলিশ। জেলার পুলিশ সুপার রাহুল গোস্বামী বুধবার জানান, সোনার দোকানে লুঠপাটের ঘটনায় মোট পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের মধ্যে মাস্টারমাইন্ড নোদাখালি থানার আলমপুরের বাসিন্দা ২৭ বছরের শোভরাজ কাজী, রামনগর থানার নৈনানের বাসিন্দা বরজাহান শেখ ও নোদাখালির ডোঙারিয়ার চকবাসিন্দেহিয়ার বাসিন্দা শেখ সাদ্দাম। ধৃত বাকি দুজন হল কালীতলা-আগুতি থানার চট্টার বাসিন্দা জহিদুল ইসলাম ও নোদাখালি থানার শেখ সাদ্দাম হোসেন। যে দুটি মোটরবাইক করে দুষ্কৃতী এসেছিল সিসিটিভি ফুটেজ দেখে পুলিশ প্রথমে সেই দুটির একটি মোটরবাইক চিহ্নিত করে। সেই সূত্র ধরে প্রথমে গ্রেপ্তার করা হয় রামনগরের বরজাহান শেখকে। বাড়ি থেকেই উদ্ধার হয় সিসিটিভিতে দেখা ওই মোটরবাইক ও হেলমেট। ধৃতদের বিরুদ্ধে খুন, ডাকাতি, মাদক পাচার ও ডাকাতির চেষ্টার একাধিক অভিযোগ রয়েছে।

রাস্তা সারাইয়ের দাবিতে অবরোধ

নিজস্ব সংবাদদাতা, বিধাননগর: পথের দাবিতে পথে নেমেই বিক্ষোভ! রাস্তার দুপাশে বাঁশের অস্থায়ী ব্যারিকেড গড়ে দিনভর অবরোধ। বুধবার বেহাল রাস্তা সারাইয়ের দাবিতেই নিউটাউনের পাথরঘাটা গ্রামের একাংশ বাসিন্দা এই অবরোধ করেন। পাথরঘাটা বিস্তীর্ণ পঞ্চায়েত এলাকার বাসিন্দাদের নিউটাউন শহর কিংবা যে কোনও কর্মক্ষেত্রে যাতায়াতের জন্য ভরসা এই রাস্তাটিই। এটি ব্যবহার করেই স্থানীয় পাথরঘাটা, ছাপনা, সাপুরজি ইত্যাদি এলাকার কয়েক হাজার মানুষের যাতায়াত। অভিযোগ, পঞ্চায়েত ভবনের সামনে পাথরঘাটা বাজার থেকে ছাপনা দক্ষিণপাড়া (নতুন পুকুর) পর্যন্ত রাস্তাটি দীর্ঘদিন বেহাল অবস্থায়। পাথরঘাটা সুস্বাস্থ্যকেন্দ্রের কর্মী আসিয়া বেগম জানিয়েছেন, "ভাঙাচোরা পথে রোগী ও প্রসূতি মায়েদের সমস্যায় পড়তে হয়।" পাথরঘাটা গ্রাম পঞ্চায়েতের প্রধান পিন্টু মণ্ডল বলেন, "আগের বোর্ড থেকেই রাস্তাটির অবস্থা খারাপ। মেরামতিতে বিপুল টাকা প্রয়োজন। সেই অর্থ পঞ্চায়েতের কোষাগারে নেই। উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।" এদিন স্থানীয় বিধায়ক তাপস চট্টোপাধ্যায়ের আশ্বাসে বিকালে অবরোধ তুলে নেওয়া হয়।

ছোট ফুটপাথে হকার বসবে না, সাফ জানালেন দেবাশিস কুমার

এক সপ্তাহের মধ্যেই ফের দখল

স্টাফ রিপোর্টার: এই সেদিন সরানো হয়েছিল। সপ্তাহ ঘুরতে না ঘুরতে আবার যে কে সেই। ধর্মতলা চত্বরে পিয়ারলেস ইন হোটেলের উল্টোদিকে টেডি বিয়ার, কানের দুল, চুলের ক্লিপ নিয়ে বসে গিয়েছেন হকাররা। ফুটপাথ সেখানে ফুট তিনেকের। বুধবার মেয়র পারিষদ তথা টাউন ভেন্ডিং কমিটির সদস্য দেবাশিস কুমার জানিয়েছেন, ফুট তিনেকের ছোট ফুটপাথে হকার বসবে না।

কারণ? টাউন ভেন্ডিং কমিটির নিয়ম অনুযায়ী ফুটপাথের তিনভাগের এক ভাগ জুড়ে বসতে পারবেন হকাররা। তিনফুট ফুটপাথের একভাগ অর্থাৎ একফুটে হকার বসা অসম্ভব। পুর আধিকারিকরা বলছেন, কোনও হকার ভালো করে পসরা সাজিয়ে বসতে গেলে এক ফুটে বসা যাবে না। সেই মাপজোক করেই সম্প্রতি পিয়ারলেস ইনের উল্টো দিকের ফুটপাথ খালি করে দিয়েছিল পুলিশ। এদিন সেখানে গিয়ে দেখা যায় ফের ফুটপাথ দখল করে বসে গিয়েছেন হকাররা।

মেয়র পারিষদ দেবাশিস কুমার এদিন সে প্রসঙ্গে জানিয়েছেন, চোরপুলিশ খেলা চলছে। পুলিশকে বলব একটু সচেতন হোন। তাঁর কথায়, "রক্সি সিনেমার হলের দিকে যে ফুটপাথ তা পাঁচফুটের। সেখানে তিনভাগের একভাগ নিয়ে বসা সম্ভব। কিন্তু উল্টোদিকে তা কখনওই সম্ভব নয়।

এদিকে এদিনও হকারদের ডিজিটাল সার্ভে হয়েছে নিউমার্কেট এলাকায়। শহরে কত হকার রয়েছে তা জানতে সার্ভে করার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সূত্রের খবর, শহরজুড়ে লুকিয়ে চুরিয়ে এখনও অনেক হকার বসে রাস্তার উপর। মেয়র পারিষদ দেবাশিস কুমার এদিন জানিয়েছেন, এই তথ্য জানার জন্যই সমীক্ষা। ডিজিটাল সার্ভেতে নথিভুক্ত হবেন রাস্তা আটকে বসা হকাররাও। তার পরেই কমিটি সিদ্ধান্ত নেবে।

কী সেই সিদ্ধান্ত? পুরসভা সূত্রে খবর, বেআইনিভাবে যাঁরা সরকারি জমি অথবা রাস্তার উপর বসে, তাঁদের অন্যত্র কোথাও জায়গা দেওয়া যায় কি না তা খুঁজে দেখা হচ্ছে। তবে সমীক্ষা শেষে কোনওভাবেই রাস্তা অথবা সরকারি জমি দখল করে বসতে দেওয়া হবে না। দেবাশিস কুমারের কথায়, "টাউন ভেন্ডিং কমিটি যদি কোনও জায়গা খুঁজে বের করতে পারে নিশ্চয়ই তাদের অন্যত্র জায়গা দেওয়া হবে। কারও রোজগার বন্ধ করে দেওয়াটা উদ্দেশ্য নয়।" এদিকে আগের থেকে অনেকটাই দখলমুক্ত নিউ মার্কেট। এদিন নিউমার্কেট এলাকার হকারদের ধন্যবাদ দিয়েছেন মেয়র পারিষদ দেবাশিস কুমার। বলেছেন, "বার্টাম স্ট্রিটে গাড়ি রাখা যেত না। এখন তা সম্ভব হচ্ছে। আমি হকারদের ধন্যবাদ জানাব। যেভাবে তাঁরা সহযোগিতা করেছেন, অপ্রত্যাশিত। মেয়র পারিষদের কথায়, অনুরোধ একটাই এই নিয়মানুবর্তিতাটা যেন তাঁরা বজায় রাখেন।"

গ্র্যান্ড হোটেল লাগোয়া এই ফুটপাথই দখলমুক্ত করেছিল পুরসভা। সেখানে ফের বহাল তবিয়তে ফিরে এসেছেন হকাররা। বুধবার। —কৌশিক দত্ত

নিট-কাণ্ড, নিউটাউনে সিবিআই হানা

স্টাফ রিপোর্টার: নিট কেলেঙ্কারির তদন্তে বিহার, গুজরাত, মহারাষ্ট্রের নাম উঠে এসেছিল আগেই। নাম জড়ায় বাংলার পাশের রাজ্য ঝাড়খণ্ডেরও। এবার স্নাতক স্তরে ডাক্তারির এই প্রবেশিকা পরীক্ষার কারচুপিতে জড়াল কলকাতার নাম। ঝাড়খণ্ডে তদন্ত করার সময় নিউটাউনের একটি ফ্ল্যাটের মালিক, অমিত কুমারের নাম উঠে আসে। বুধবার সকালে তাঁর নিউটাউনের আবাসনে হানা দেয় সিবিআই।

অমিতের ফ্ল্যাট তালাবন্দি থাকায় প্রথমে ঢুকতে বেগ পান আধিকারিকরা। দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকার পর ফ্ল্যাটে ঢোকেন তাঁরা। তবে অভিযুক্তের খোঁজ পাওয়া যায়নি। কে এই অমিত কুমার? কী করেন? নিট কেলেঙ্কারির সঙ্গে তিনি কী ভাবে যুক্ত উঠছে অনেক প্রশ্ন।

সূত্রের খবর, জানা গিয়েছে, সিবিআই তদন্তভার গ্রহণ করার পর গত সপ্তাহে ঝাড়খণ্ড থেকে নিট কেলেঙ্কারিতে ৬ জনকে গ্রেফতার করে। সেই ৬ জনকে জিজ্ঞাসাবাদ করেই নিউটাউনের এক অভিজাত আবাসনের বাসিন্দার নাম উঠে আসে। তাঁর খোঁজে সিবিআই-এর স্পেশাল ইউনিটের দল নিউটাউনে আসে। অমিতের সঙ্গে নিট কেলেঙ্কারির কী যোগ, সরাসরিভাবে তিনি কতটা যুক্ত, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

এর আগে বিহারের প্রশ্নপত্র ফাঁসের মামলায় বিহার পুলিশ তিন জনকে গ্রেফতার করেছিল। সেখানে মূল পান্ডা ছিল সঞ্জীব মুখিয়া। আবার এক্ষেত্রে নিট প্রশ্নপত্র ফাঁস কাণ্ডে মুখ্য মাথা হিসাবে উঠে আসছে সঞ্জীব মুখিয়ার নামই।

সিবিআই সূত্রে খবর, চার দফায় তদন্ত চলবে। প্রশ্নপত্র তৈরি, ছাপানো থেকে শুরু করে, দেশের বিভিন্ন প্রান্তে পৌঁছে দেওয়া-- সবটাই খতিয়ে দেখছেন তদন্তকারীরা। তদন্তকারীদের হাতে রয়েছে সন্দেহভাজন হাজারখানেক নাম ও ফোন নম্বর। ডাক্তারির এই প্রবেশিকা পরীক্ষার প্রশ্নফাঁসের অভিযোগে তোলপাড় দেশ। শেষ পর্যন্ত জুন মাসে সিবিআইকে তদন্তের সুপারিশ করে কেন্দ্র। তদন্তে নেমে একাধিক বিভিন্ন রাজ্যের শিক্ষক-শিক্ষিকাকদের গ্রেপ্তার করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। ঝাড়খণ্ডেও তদন্তে নামে সিবিআই।

প্রাথমিক অনুমান করা হচ্ছে ঝাড়খণ্ড থেকেই প্রথম প্রশ্ন ফাঁস হয়েছিল, তা মিডলম্যানদের মাধ্যমে বিহারে পৌঁছয়। পরীক্ষার আগের রাতে তা পড়ুয়াদের কাছে পৌঁছয়। ঝাড়খণ্ডে তদন্ত চলাকালীন উঠে আসে অমিত কুমারের নাম। তাঁর আবাসনেই তল্লাশি চালাচ্ছেন সিবিআই। অমিত কুমার নিট প্রশ্ন পত্র ফাঁসে অন্যতম অভিযুক্ত বলেই দাবি সিবিআই আধিকারিকদের।

পবিত্র হজ সম্পন্ন করে ফিরে আসা হাজিদের স্বাগত জানাতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে কলকাতা বিমানবন্দরে মন্ত্রী পুলক রায়।

ভাটপাড়ায় বোমা উদ্ধার

স্টাফ রিপোর্টার, বারাকপুর: ফের বোমা উদ্ধার ভাটপাড়ার মোমিনপাড়ায়। বুধবার সকালে সেখানেরই এক পরিত্যক্ত বাড়িতে কাজে এসে এক ব্যক্তি দুটি তাজা বোমা পড়ে থাকতে দেখেন। এর পরই তিনি স্থানীয়দের জানালে জগদ্দল থানায় খবর দেওয়া হয়। স্থানীয় বাসিন্দা ধর্মেন্দ্র সাউ জানান, এখানে দুই পার্টির মধ্যে ঝামেলা লেগেই রয়েছে। পুলিশ জানিয়েছে, দুটি বোমা উদ্ধার হয়েছে। কে বা কারা, কী কারণে এখানে বোমা মজুত করেছিল, তা তদন্ত করে দেখা হচ্ছে।

প্রতীকী দখল বিজ্ঞপ্তি

ICICI Bank | **শাখা অফিস :** আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, ল্যান্ডমার্ক বিল্ডিং, ৪র্থ ফ্লোর, ২২৮এ, এ জে সি বোস রোড, কলকাতা-৭০০০২০
সিআইএন নং : এল৬৫১৯০জিজে১৯৯৪পিএলসি০২১০১২, www.icicibank.com

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনানসিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ ফিনানসিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর অধীনে আইসিআইসিআই ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক হিসাবে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল-৩-এর সহিত পঠিত ১৩ (১২) ধারার অধীনে অর্পিত ক্ষমতা প্রয়োগ করে নিম্ন স্বাক্ষরকারী উক্ত বিজ্ঞপ্তিগুলি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিগুলিতে উল্লিখিত অর্থাঙ্ক পরিশোধ করতে ঋণগ্রহীতাগণকে আহ্বান জানিয়ে ডিমান্ড বিজ্ঞপ্তিগুলি ইস্যু করেছেন।

ঋণগ্রহীতা অর্থাঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হওয়ায় এতদ্বারা ঋণগ্রহীতা এবং জনসাধারণকে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে নিম্ন স্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৮-এর সহিত পঠিত উক্ত অ্যাক্টের ১৩ (৪) ধারার অধীনে তার পুং/স্ত্রী উপর অর্পিত ক্ষমতা প্রয়োগ করে এখানে নিম্নে বর্ণিত সম্পত্তির প্রতীকী দখল নিয়েছেন। নির্দিষ্টভাবে ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্বারা সম্পত্তির সঙ্গে লেনদেন না করতে বলা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে কোনওরকম লেনদেন করলে তা আইসিআইসিআই ব্যাঙ্কের চার্জসাপেক্ষ হবে।

ক্রঃ নং	ঋণগ্রহীতা (গণ) নাম/লোন অ্যাকাউন্ট নম্বর	সম্পত্তির বিবরণ/প্রতীকী দখলের তারিখ	ডিমান্ড বিজ্ঞপ্তির তারিখ / ডিমান্ড বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাংক (টাঃ)	শাখার নাম
১.	কুণাল গুপ্তা/কিশোর কুমার গুপ্তা/ রোজডেল বিল্ডিং ফ্ল্যাট নং ১৮এফ, টাওয়ার ৩, ১৮ তল, নিউ টাউন, পশ্চিমবঙ্গ কলকাতা- ৭০০১৫৬/ LBCAL00004848226	ইউনিট নং. রিভিয়েরা বি-৯, "শ্যামোলিনা", এল.আর দাগ নং. ৪৮৭ এবং ৪৮৮, এল.আর খতিয়ান নং. ৪৮২, জে.এল নং. ৪৯, মৌজা-সিঙ্ঘলগঞ্জবাদ, থানা-রামনগর, গ্রাম পঞ্চায়েত মথুর, পরগণা পঞ্চকুলি, সাব-রেজিস্ট্রি ডায়মন্ড হারবার, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ (বিল্ট আপ এলাকার ইউনিটের পরিমাপ ২১৩৯ ব:ফু: (ফার্স্ট ফ্লোর ১০৬৯.৫০ ব:ফু: এবং সেকেন্ড ফ্লোর ১০৬৯.৫০ ব:ফু:)/ প্রতীকী দখল ০১.০৭.২০২৪	জানুয়ারি ১০, ২০২৪ টাঃ ১,১৬,৬৪,০৪৮/-	কলকাতা

এতদ্বারা উপরে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/জামিনদাতা(গণ) অর্থাংক পরিশোধ করতে ৩০ দিনের বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে, অন্যথায় এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিন মেয়াদ শেষের পর সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর সংস্থান অনুযায়ী রুল ৮ ও ৯-এর অধীনে, বন্ধকী সম্পত্তিগুলি বিক্রয় করা হবে।

তারিখ : জুলাই ০৪, ২০২৪
স্থান : কলকাতা

অনুগতভাবে অনুমোদিত স্বাক্ষরকারী
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড-এর পক্ষে

SEBI भारतीय प्रतिभूति और विनिमय बोर्ड
Securities and Exchange Board of India

দ্য সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া অ্যাক্ট, ১৯৯২-এর সেকশন ২৮এ আর/ডাব্লু-এর দ্য ইনকাম ট্যাক্স অ্যাক্ট ১৯৬১-তে সেকেন্ড শিডিউলের রুল ২-এর অধীনে ডিমান্ড বিজ্ঞপ্তি

দ্য রিকভারি অফিসার, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ইস্টার্ন রিজিওনাল অফিস, কলকাতা ("এসইবিআই-ইআরও") এখানে বর্ণিত বিশদ অনুযায়ী নিম্নলিখিত সংস্থাগুলিকে ("খেলাপকারীগণ") ডিমান্ড বিজ্ঞপ্তি ইস্যু করেছে।

খেলাপকারীর নাম	কেসের নাম	শংসাপত্র ও তারিখ
জিংমিং ডিলার্স প্রাঃ লিঃ	দর্শন অর্না লিঃ	২০২৪-এর আরসি৭৫০৬ তাং জানুয়ারি ১৬, ২০২৪
নারিট ট্রেডকম প্রাঃ লিঃ	অরভিন্দ রেমিডিজ লিমিটেড	২০২৪-এর আরসি৭৪৯৫ তাং জানুয়ারি ০৩, ২০২৪
নারিট ট্রেডকম প্রাঃ লিঃ	অরভিন্দ রেমিডিজ লিমিটেড	২০২৪-এর আরসি৭৪৯৮ তাং জানুয়ারি ১০, ২০২৪

পোস্ট অফিসের মাধ্যমে ডিমান্ড নোটিশ পৌঁছে দেওয়া যায়নি। নোটিশপ্রাপ্তরা ডিমান্ড নোটিশের প্রতিলিপি সেবির ওয়েবসাইট (www.sebi.gov.in) থেকে " Enforcement-> Recovery Proceedings" এই হেডের অধীনে ডাউনলোড করে নিতে পারেন, বা নিম্নলিখিত ঠিকানাতে অবস্থিত রিকভারি অফিসারের অফিস থেকে উক্ত নথিপত্রের প্রতিলিপি জোগাড় করে নিতে পারেন, বা sudhansus@sebi.gov.in এবং indrajitb@sebi.gov.in -এতে চিহ্নিত করা ই-মেইলের প্রতিলিপি সহ recoveryero@sebi.gov.in -এতে পাঠানো ই-মেইলের মাধ্যমে তা জোগাড় করে নিতে পারেন।

রিকভারি অফিসার
সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া- ইস্টার্ন রিজিওনাল অফিস, কোলকাতা
" এল অ্যান্ড টি চেম্বারস", ৬ তম তল, ১৬, ক্যামাক স্ট্রীট,
কোলকাতা- ৭০০০১৭

যদি এই নোটিশ প্রকাশিত হওয়ার তারিখ থেকে ১৫ দিনের মধ্যে ডিমান্ড নোটিশের জবাব না আসে, তাহলে, রিকভারি অফিসার, রেকর্ডে থাকা জিনিস/ তথ্যের ভিত্তিতে পরবর্তী রিকভারির কাজকর্ম চালাতে থাকবেন।

তারিখ : এপ্রিল ০৯, ২০২৪
স্থান : কলকাতা

CBC 15204/11/0053/2425

প্রকাশ্য বিজ্ঞপ্তি

ICICI Bank | **শাখা অফিস :** আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, ল্যান্ডমার্ক বিল্ডিং, ৫ম তল, ২২৮এ, এ জে সি বোস রোড, কলকাতা-৭০০০২০
সিআইএন নং : এল৬৫১৯০জিজে১৯৯৪পিএলসি০২১০১২, www.icicibank.com

নিম্নলিখিত ঋণগ্রহীতা/গণ ব্যাঙ্ক থেকে প্রাপ্ত ঋণের আসল ও সুদ পরিশোধে খেলাপকারী হওয়ায় সেগুলি অনুৎপাদক সম্পত্তি (এনপিএ)-তে শ্রেণিভুক্ত হয়েছে। সিকিউরিটাইজেশন অ্যান্ড রি-কনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর ১৩(২) ধারার অধীনে তাঁদের জানানো শেষ ঠিকানায় একটি বিজ্ঞপ্তি ইস্যু করা হয়েছে, অধিকন্তু তাহা পরিবেশিত হয়নি এবং সুতরাং এতদ্বারা এই প্রকাশ্য বিজ্ঞপ্তির মাধ্যমে তাঁদের বিজ্ঞাপিত করা হচ্ছে।

ক্রঃ নং	ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/ জামিনদাতা / বন্ধকদাতা/ (লোন অ্যাকাউন্ট নম্বর) ও ঠিকানা	জ্ঞাত দায় সহ সুরক্ষিত সম্পদের বিবরণ	বিজ্ঞপ্তি পাঠানোর তারিখ/ বিজ্ঞপ্তির তারিখ অনুযায়ী বকেয়া	এনপিএ-এর তারিখ
১.	মহঃ ইসমাইল মোল্লা/এসরাফিল মোল্লা/ শামিমা খাতুন/চিনিপুকুর, শোনেপুর, দক্ষিণ ২৪ পরগণা পশ্চিমবঙ্গ কলকাতা-৭০০১৩৫/ LBCAL00006531869/ TBCAL 00006350840	আর.এস হাল দাগ নং.-৬২৮, এল.আর খতিয়ান নং.-১৫, এল.আর খতিয়ান নং. ২৩৭/১, জে.এল নং.-৬৩, মৌজা- শোনপুর, থানা- কাশিপুর, এ.ডি.এস.আর অফিস-ভাঙড়, গ্রাম পঞ্চায়েত- শানপুকুর, জেলা-দক্ষিণ ২৪ পরগণা, ভাঙড়, পশ্চিমবঙ্গ। (জমির মোট পরিমাপ ০২ শতক	এপ্রিল ১৬, ২০২৪ টাঃ ১৭,২৭,০৭১/-	০৩/০২/ ২০২৪
২.	রাজেশ এন্টারপ্রাইজ/ রাজেশ টিবরেওয়ালা জামিনদাতা ও বন্ধকদাতা/স্বত্বাধিকারী রাজেশ টিবরেলওয়ালার প্রতিনিধিত্বে ৬৬, পার্বতী ঘোষ লেন, গিরিশ পার্ক, পেট্রোলপাম্পের নিকটে কলকাতা-৭০০০০৭/ 627705057624/	আবাসিক ফ্ল্যাট নং. ৫ডি, ফিফথ ফ্লোর, ব্লক-৫, দ্য সৃজন হেরিটেজ এনক্লেভ, আর.এস/এল.আর দাগ নং. ৪০১, ৪০২, ৪০৩, ৪০৪, ৪০৫, ৪০৭(পি), ৪০৮(পি), ৪০৯, ৪১০, ৪১১(পি), ৪১২ এবং ৪১৩(পি), এল.আর খতিয়ান নং. ২৯৪, ৫৭৯, ১৪০৩, ১৪০৫, ১৪০৬, ১৪০৭, ১৪০৮, ১৪০৯, ১৪১০, ১৪১১, ১৪১২ এবং ১৪১৩, মৌজা-আটঘরা, পরগণা উত্তর, জে.এল নং. ১০, রে সু নং. ১৩৩, তৌজি নং. ১৭২, প্রিমিসেস নং. ৩৪৫, রাজারহাট মেন রোড, রাজারহাট গোপালপুর মিউনিসিপ্যালিটি/মিউনিসিপ্যাল কর্পোরেশনের মধ্যে, থানা-রাজারহাট, জেলা-উত্তর ২৪ পরগণা, পিন-৭০০১৩৬ (সুপার বিল্ট আপ এলাকার পরিমাপ ১০০৬ ব:ফু:	মে ০৩, ২০২৪ টাঃ ৩৭,২৫,৫৪৯/-	০৪/০২/ ২০২৪
৩.	সুজয় কুণ্ডু/মহুয়া প্রামাণিক/ ৩৭, বড়িশা পূর্ব পাড়া রোড, ঠাকুরপুকুর জেলা দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ কলকাতা- ৭০০০৬৩/ LBCAL00005131364	ফ্ল্যাট নং. ৩০১, থার্ড ফ্লোর, পূর্ব দিক, মিউনিসিপ্যাল প্রিমিসেস নং. ১০৭৯/৩, বিদ্যাসাগর সরণি, দাগ নং. ৩০০৬, খতিয়ান নং. ২৩১, জে.এল নং. ২৩, আর.এস নং. ৪৩, তৌজি নং. ১-৬, ৮-১০, ১২-১৬, ওয়ার্ড নং. ১২৪, কে.এম.সি, থানা- পূর্বে ঠাকুরপুকুর এখন হরিদেবপুর, মৌজা-পূর্ব বড়িশা, এ.ডি.এস.আর বেহালা, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, কলকাতা-৭০০০৬৩, পশ্চিমবঙ্গ (জমির আনুপাতিক, অবিভাজ্য এবং অবিভক্ত শেয়ার অথবা অংশ সহ কমবেশি ৬৪০ ব:ফু: সুপার বিল্ট আপ এলাকা	এপ্রিল ২৯, ২০২৪ টাঃ ১৩,৪১,১৪১/-	০৫/০২/ ২০২৪
৪.	সুনীল কুমার ভার্মা/একতা ভার্মা ফ্ল্যাট নং ৩এ, ৩য় তল, জয়শ্রী অ্যাপার্টমেন্ট , ৩জোটে শিবরামপুর রোড, ১২সি/১ বাস স্ট্যান্ডের নিকটে দক্ষিণ ২৪ পরগণা পশ্চিমবঙ্গ কলকাতা- ৭০০১৪১/ TBCAL00006258393	অফিস নং. এফআর-১০, ফোর্থ ফ্লোর, প্রোজেক্ট নেম "ইমামি বিজনেস বে", প্লট নং. এ১-৩, সল্টলেক ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স, সল্টলেক, ব্লক ইপি অ্যান্ড জিপি, বিধাননগর, সেক্টর-৫, থানা-বিধাননগর(পূর্ব), সাব রেজিস্ট্রেশন অফিস বিধাননগর, জেলা উত্তর ২৪ পরগণা, কলকাতা-৭০০০৯১, পশ্চিমবঙ্গ (৯৮১.১১ ব:ফু: সুপার বিল্ট আপ এলাকার সমতুল্য ৬০৯.৮৯ ব:ফু: বিল্ট আপ এলাকা অনুরূপ ৫৬৪.১৪ ব:ফু: কার্পেট এলাকা সহ একত্রে জমির আনুপাতিক এবং অবিভাজ্য অংশ	এপ্রিল ২৯, ২০২৪ টাঃ ১৪,২১,৭৯৩/-	০২/০২/ ২০২৪
৫.	সৈকত সাহা/প্রসেনজিৎ সাহা/ পেদাপাড়া বনগাঁ, জেলা উত্তর ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ বনগাঁ-৭৪৩২৩৫/ LBCAL00004705882	আবাসিক ফ্ল্যাট/ইউনিট নং. ১০, ফার্স্ট ফ্লোর, ব্লক ২ বি, "ভবানী সান ভ্যালি" হিসাবে পরিচিত, হোল্ডিং নং. ৬৭১ (নতুন), এস.এইচ.কে.বি. সরণি, আর.এস এবং এল.আর দাগ নং. ৪৬৩৫, ৪৬৩৬, ৪৬৩৭, ৪৬৬২, ৪৬৬৩, ৪৬৬৪, ৪৬৬৫, ৪৬৬৬, আর.এস খতিয়ান নং. ২৫৭, ৩৫২, ২৭৭, ২০৬১, ২৯১, জে.এল নং. ২৩, আর.এস নং. ১৬, তৌজি নং. ১২৯৮/২৮৩৩, জিডি-১, সাব ডি-১৬, ওয়ার্ড নং. ১৮, দক্ষিণ দমদম মিউনিসিপ্যালিটি, থানা-দমদম, মৌজা- কালিদহ, জেলা- ২৪ পরগণা (উত্তর), পিন-৭০০০৭৪, পশ্চিমবঙ্গ (জমির অবিভক্ত, অবিভাজ্য, আনুপাতিক অংশ সহ একত্রে নিচতলায় ১২০ ব:ফু: পরিমাপের সুপার বিল্ট আপ এলাকার একটি আচ্ছাদিত গাড়ি পার্কিংয়ের জায়গা সহ ১৪১৪ ব:ফু: (সুপার বিল্ট আপ) এলাকা	এপ্রিল ২৯, ২০২৪ টাঃ ১৬,২৮,২৯৮/-	০৮/০২/ ২০২৪
৬.	মহঃ শাহজাদ/ডানকুনি রেলওয়ে কোয়ার্টার জেলা হাওড়া পশ্চিমবঙ্গ হাওড়া-৭১২৩১১/ LBCAL00006377890/ TBCAL00006297892	ফ্ল্যাট নং. এ/৫, ফার্স্ট ফ্লোর, পশ্চিম দিকে মুখ, "নীলিমালয় অ্যাপার্টমেন্ট", আর.এস দাগ নং. ১০০৬, নতুন এল.আর দাগ নং. ১৬৭০, আর.এস খতিয়ান নং. ১১৯৭, নতুন এল.আর খতিয়ান নং. ১০৪০, তৌজি নং. ৩৯৮৯, জে.এল নং. ১০২, ওয়ার্ড নং. ১৫, ডানকুনি মিউনিসিপ্যালিটি, স্টেশন পল্লী ডানকুনি, থানা-ডানকুনি, পোস্ট অফিস ডানকুনি, মৌজা-মৃগলা, এ.ডি.এস.আর জনাই, জেলা সাব রেজিস্টার- চুঁচুড়া, জেলা-হুগলি, পিন-৭১২৩১১, পশ্চিমবঙ্গ (ভূমির আনুপাতিক অবিভক্ত অংশ সহ কমবেশি ৭৫০ ব:ফু: (২০% সুপার বিল্ট আপ এলাকা সহ) এলাকা	মে ০৬, ২০২৪ টাঃ ১৪,৯৫,২৫৬/-	০৩/০৩/ ২০২৪
৭.	উর্মিলা দেবী সিং/অজয়কুমার সিং/ নারায়ণী দেবী অ্যাপার্টমেন্ট, ফ্লোর ৪বি ঘোষপাড়া, রাজারহাট গোপালপুর (এম) কৃষ্ণপুর, জেলা ২৪ পরগণা (উঃ) পশ্চিমবঙ্গ কলকাতা-৭০০১০২/ LBCAL00005200098/	ফ্ল্যাট নং. সি অ্যান্ড ডি, ফোর্থ ফ্লোর, "শিবম অ্যাপার্টমেন্ট", কৃষ্ণপুর, মণ্ডলপাড়া, হোল্ডিং নং. এএস/২০২/ব্লক ইএম এবং বি.এম.সি. ২০২ বিএল-এফএম, স্কিম প্লট নং. এ, সি.এস দাগ নং. ৫৭৪৭, আর.এস দাগ নং. ৩৮৪৭, সি.এস খতিয়ান নং. ৫১৮, আর.এস খতিয়ান নং. ৩৪২, জে.এল নং. ১৭, আর.এস নং. ১৮০, তৌজি নং. ২২৮/২২৯, ওয়ার্ড নং. ৩৫, রাজারহাট গোপালপুর মিউনিসিপ্যালিটি, বিধাননগর মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীনে বর্তমান ওয়ার্ড নং. ২৬, পো.অ. কৃষ্ণপুর, পূর্বে থানা -রাজারহাট, বর্তমান থানা বাগুইয়াটি, মৌজা-কৃষ্ণপুর, এ.ডি.এস.আর.ও রাজারহাট পূর্বে বিধাননগর সল্টলেক সিটি, জেলা-উত্তর ২৪ পরগণা, কলকাতা-৭০০১০২, পশ্চিমবঙ্গ (জমির আনুপাতিক অবিভক্ত অংশ সহ ফ্ল্যাট নং. সি -এর কমবেশি ৪১০ ব:ফু: পরিমাপের একটি সুপার বিল্ট আপ এলাকা এবং ফ্ল্যাট নং. ডি -এর কমবেশি ৭৩০ ব:ফু: পরিমাপের একটি সুপার বিল্ট আপ এলাকা	মে ১৮, ২০২৪ টাঃ ২৫,৯৯,৭৭৮/-	০৪/০৩/ ২০২৪
৮.	সঙ্গীতা মুখার্জি/ প্রবীরকুমার মুখার্জি/ প্রসন্ন মুখার্জি/ ২৫, শহিদ বিনয় বোস রোড বাঁশদ্রোণী, ফায়ার স্টেশনের নিকটে, জেলা দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ কলকাতা-৭০০০৭০/ LBCAL00004772826/	ফ্ল্যাট নং. বি-২, দক্ষিণ পূর্ব দিক, সেকেন্ড ফ্লোর, হোল্ডিং নং. ৪৫৬ জগন্নাথপুর, আর.এস দাগ নং. ৩১৮, ৩১৯, ৩২২, ৩৩৪, এল.আর দাগ নং. ৩৫৬, ৩৫৭, ৩৬০, আর.এস খতিয়ান নং. ২০০, ৪৪২, ১৭২, ৫৯, এল.আর খতিয়ান নং. ১৬৬৩, জে.এল নং. ৫১, ওয়ার্ড নং. ০৮, রাজপুর সোনারপুর মিউনিসিপ্যালিটি, মৌজা জগন্নাথপুর, থানা সোনারপুর, জেলা- ২৪ পরগণা (দক্ষিণ), পশ্চিমবঙ্গ (একই বা একটু কমবেশি ৭২০ ব:ফু: পরিমাপ সুপার বিল্ট আপ এলাকা	মে ২১, ২০২৪ টাঃ ৭,৮৩,৮৬০/-	০৪/০৩/ ২০২৪
৯.	ঝুমা দে/ সোমনাথ দে/ গড়িয়া নবপল্লী, উত্তর ধালুয়া রাজপুর সোনারপুর (এম), পাঁচপোতা জেলা দক্ষিণ ২৪ পরগণা পশ্চিমবঙ্গ দক্ষিণ ২৪ পরগণা-৭০০১৫২/ LBCAL00005630830/ LBCAL00005811296	ফ্ল্যাট এবং/অথবা ইউনিট নং. ২জি, সেকেন্ড ফ্লোর, প্রোজেক্ট "গিল্ট অ্যাপার্টমেন্টস", হোল্ডিং নং. ৩৭০৯, সোনারপুর স্টেশন রোড, রেভিনিউ সার্ভে নং. ১২৬ এবং ১৪৬, আর.এস দাগ নং. ৪৩৮, ২৬ এবং ২৩, এল.আর দাগ নং. ৪৭০, ২০ এবং ১৭, সাবেক খতিয়ান নং. ৩৭, হাল খতিয়ান নং. ২৪২, এল.আর খতিয়ান নং. ৬৮০ এবং ৭২৮, নতুন এল.আর খতিয়ান নং. ৩৯৭৫ এবং ১২৬৩, জে.এল নং. ৫২ এবং ৫৩, তৌজি নং. ২৫০ এবং ২৮৫, থানা-সোনারপুর একন নরেন্দ্রপুর, ওয়ার্ড নং. ৮ পূর্বে ওয়ার্ড নং. ৭, রাজপুর সোনারপুর মিউনিসিপ্যালিটি, মৌজা-তেঘরিয়া এবং নিশ্চিন্তপুর, পরগণা মেদানমল্লা, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ (জমির অবিভক্ত আনুপাতিক শেয়ার বা অংশ সহ একত্রে একই বা একটু কমবেশি ৬৬৫ ব:ফু: (সুপার বিল্ট আপ) এলাকা	মে ২১, ২০২৪ টাঃ ১৭,৭৩,৪৮০/-	০৯/০৩/ ২০২৪
১০.	প্রিয়াঙ্কা সিংহ/সুরজিৎ সিংহ/ শুক্লা সিংহ/ কলকাতা ৫/১/১ গোবিন্দ আঢ্যি রোড গ্রাউন্ড ফ্লোর ফ্ল্যাট জি-৩, কলকাতা- ৭০০০২৭/ LBCAL00005557855/	তফসিল-এ উল্লিখিত জমিতে কমবেশি প্লিন্থ এলাকায় (মোজাইক ফ্লোর, লিফ্টের সুবিধা নেই) (১৫ বছর পুরানো) "ওয়েস্টেন্ড অ্যাপার্টমেন্ট" নামে পরিচিত বিল্ডিংয়ের সেকেন্ড ফ্লোরের দক্ষিণ দিকের ১০০০ ব:ফু: পরিমাপের ফ্ল্যাট - এখানে উল্লিখিত বা তার অংশে প্রিমিসেস নং ৫২ডি, কাস্তা ডাঙ্গা রোড, অক্সিটাউন, কলকাতা ৭০০০৬১, থানা ঠাকুরপুকুর বর্তমানে সুরসুনা, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমার মধ্যে ওয়ার্ড নং ১২৭ অ্যাসেসি নং ৪১১২৭০৯১৭৭৮৫ রয়েছে তিনটি বেড রুম, একটি ডাইনিং কাম লিভিং রুম, দুটি টয়লেট, দুটি বারান্দা এবং একটি রান্নাঘর সহ একত্রে অপ্রত্যাশিত-অবিশ্লেষণযোগ্য তফসিল-ক-এ উল্লিখিত জমির ভাগ এবং ছাদের (সেকেন্ড ফ্লোর দক্ষিণ পাশের ফ্ল্যাটের ছাদের বাইরে) সিঁড়ি ব্যতীত এখানে আগে উল্লিখিত সাধারণ অংশ ব্যবহার করার অধিকার এবং সুবিধাসমূহ।	মে ২০, ২০২৪ টাঃ ১৯,৭৫,৯০৬/-	০৭/০৩/ ২০২৪
১১.	নিউ রাধাকান্ত ভাণ্ডার/ কালীপদ চক্রবর্তী জামিনদাতা ও বন্ধকদাতা/ স্বত্বাধিকারী কালীপদ চক্রবর্তীর প্রতিনিধিত্বে ৯/২ গোস্বামী বাগান লেন, শেওড়াফুলি পশ্চিমবঙ্গ হুগলি-৭১২২২৩/ 241205500117/241255000003	আর.এস দাগ নং. ৩০৮১, আর.এস খতিয়ান নং. ১৩৯৯, মৌজা- শেওড়াফুলি, জমির ভিটি, বৈদ্যবাটি মিউনিসিপ্যালিটির মধ্যে, হোল্ডিং নং. ৬৮/২, চ্যাটার্জি পাড়া, থানা এবং সাব-রেজিস্ট্রি অফিস শ্রীরামপুর, জেলা- হুগলি (৩ কাঠা ৪ ছটাক ৩৮ ব:ফু: পরিমাপ এলাকা	জুন ০১, ২০২৪ টাঃ ১,৪০,৫৯,৪২৫/-	৩০/০৪/ ২০২২
১২.	মিলন নন্দী ভাণ্ডার/ শঙ্করী নন্দী জামিনদাতা/ খাদিনান, উত্তরপাড়া, বাগনান, ২ বাগনান, ইউনিয়ন ব্যাঙ্কের নিকটে পশ্চিমবঙ্গ হাওড়া- ৭১১৩০৩/ LBCAL00005306685	আবাসিক ফ্ল্যাট নং. ৯, থার্ড ফ্লোর, উত্তর পূর্ব অংশ, আর.এস দাগ নং. ১০৪৯, এল.আর দাগ নং. ১১৩০, আর.এস খতিয়ান নং. ৫১০, ৫১২, এল.আর খতিয়ান নং. ৯৩৪/১, ১৬৭১, জে.এল নং. ৮৬, ওয়ার্ড নং. ৯(পুরনো)/২৮(নতুন), উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটি, মৌজা-লতিবপুর, পশ্চিমবঙ্গ (৮৩৪ ব:ফু: সুপার বিল্ট আপ এলাকা সহ এবং ৬৯৫ ব:ফু: বিল্ট আপ এলাকা	মে ২২, ২০২৪ টাঃ ১৪,১৮,২২২/-	০৩/০২/ ২০২৪

এই পদক্ষেপ বিজ্ঞপ্তি পরিষেবার জন্য বিকল্প হিসেবে নিতে হবে। উপরোক্ত ঋণগ্রহীতা/গণ এবং অথবা/তাঁদের জামিনদাতাগণকে (প্রযোজ্য হিসেবে) পরামর্শ দেওয়া হচ্ছে যে, এই বিজ্ঞপ্তি প্রকাশের ৬০ দিনের মধ্যে উক্ত অর্থাংক পরিশোধ করতে অন্যথায় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর সংস্থান অনুযায়ী পদক্ষেপ করা হবে।

তারিখ : জুলাই ০৪, ২০২৪
স্থান : কলকাতা

অনুগতভাবে অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

YES BANK ইয়েস ব্যাঙ্ক লিমিটেড

রেজিঃ ও কর্পোরেট অফিস : ইয়েস ব্যাঙ্ক হাউস, অফ ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ে, সান্তাক্রুজ ইস্ট, মুম্বই-৪০০০৫৫
সিআইএন : এল৬৫১৯০এমএইচ২০০৩পিএলসি১৪৩২৪৯, **ই-মেল :** communications@yesbank.in , **ওয়েবসাইট :** www.yesbank.in

সংযোজনী ৪ [উল্লিখিত রুল ৮(১)]
দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ("এখানে উল্লিখিত **"দ্য অ্যাক্ট"** হিসেবে)-এর অধীনে ইয়েস ব্যাঙ্ক লিমিটেড (এখানে উল্লিখিত **"ব্যাঙ্ক"** হিসেবে উল্লিখিত)-এর অনুমোদিত আধিকারিক হিসাবে নিম্ন স্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৯-এর সহিত পঠিত ১৩ (১২) ধারার অধীনে অর্পিত ক্ষমতা প্রয়োগ করে উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত **লোন এ/সি নং এমসিআই০০১৭০১২৯১৬৪০**-এর অধীনে মোট অর্থাঙ্ক **টা. ১৫,৪১,৬৫২.২৭/- (টাঃ পনেরো লক্ষ একচল্লিশ হাজার ছয়শত বাহান্ন ও সাতাশ পয়সা মাত্র) ২২.০১.২০২৪ অনুযায়ী বকেয়া** পরিশোধ করতে **১। শ্রীমতি রিয়া ব্যানার্জী ও ২। শ্রীমতি গোপা দাস**-কে আহবান জানিয়ে বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে অ্যাক্টের ১৩ (২) ধারার অধীনে যথাক্রমে **২২.০১.২০২৪** তারিখে একটি ডিমান্ড বিজ্ঞপ্তি ইস্যু করেছেন।

ঋণগ্রহীতা/সিকিউরিটি প্রদানকারী নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাঙ্ক পরিশোধের সংস্থান করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা/সিকিউরিটি প্রদানকারী এবং নির্দিষ্টভাবে জনসাধারণ-কে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে নিম্নস্বাক্ষরকারী এই **১লা জুলাই ২০২৪** তারিখে সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস ২০০২-এর রুল ৮-এর সহিত পঠিত অ্যাক্টের ১৩ (৪) ধারার অধীনে তার (পুং/স্ত্রী) উপর অর্পিত ক্ষমতা প্রয়োগ করে এখানে নিম্নে বর্ণিত সম্পত্তির প্রতীকী দখল নিয়েছেন। নির্দিষ্টভাবে ঋণগ্রহীতা/সিকিউরিটি প্রদানকারী এবং জনসাধারণ-কে এতদ্বারা সম্পত্তির সঙ্গে লেনদেন না করতে বলা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে কোনো রকম লেনদেন করলে তা **লোন এ/সি নং এমসিআই০০১৭০১২৯১৬৪০**-এর অধীনে মোট অর্থাঙ্ক **টা. ১৫,৪১,৬৫২.২৭/-(টাঃ পনেরো লক্ষ একচল্লিশ হাজার ছয়শত বাহান্ন ও সাতাশ পয়সা মাত্র) ২২.০১.২০২৪ অনুযায়ী বকেয়া** তৎসহ একত্রে অন্যান্য বকেয়া অর্থাঙ্ক সহ ব্যয়, চার্জ, খরচসমূহ এবং সেইসঙ্গে সুদ ব্যাঙ্কের চার্জ সাপেক্ষ হবে।

অনুগ্রহ করে স্মরণে রাখবেন উক্ত অ্যাক্টের ১৩(৮) ধারার অধীনে যদি আমাদের বকেয়া তৎসহ একত্রে সকল বকেয়া, চার্জসমূহ যাহা আমাদের দ্বারা বহন করা হয়েছে তাহা যদি টেন্ডারদাতাগণ বহন করেন সেক্ষেত্রে যেকোনও সময়ে নির্দিষ্ট বিক্রয়ের তারিখ অথবা হস্তান্তরের পূর্বে, সুরক্ষিত সম্পত্তি আমাদের দ্বারা বিক্রয় অথবা হস্তান্তর হবে না, এবং সুরক্ষিত সম্পত্তি বিক্রয় অথবা হস্তান্তরে কোনও অতিরিক্ত পদক্ষেপ নেওয়া হবে না।

বন্ধকী সম্পত্তির সিকিউরিটি/সিকিউরিটি ইন্টারেস্টের বিস্তারিত :

শিডিউল - এ
(যে জমির ওপরে বন্ধকপ্রদত্ত ফ্ল্যাট অবস্থিত তার বিবরণ)

প্রেমিসেস নং বিসি/৭৯, কৃষ্ণপুর রবীন্দ্রপল্লী বাই লেন, কমল পার্ক, ওয়ার্ড নং ২৪ (পূর্বে ৩৩), জেলা উত্তর ২৪ পরগণা, এডিএসআরও বিধাননগর, থানা রাজারহাট (বর্তমানে বাগুইহাটি)-এর অধীনে, জে এল নং ১৭, মৌজা কৃষ্ণপুরে, খতিয়ান নং ৭৭, দাগ নং ৩৭৬-এর অন্তর্ভুক্ত, মোটামুটি ২ কাঠা মাপের বাস্তু জমির সম্পূর্ণ এবং অবিচ্ছেদ্য অংশ। জমির চতুর্সীমা নিম্নশিখিতরূপ: উত্তরে: দাগ নং ৯৭৬, দক্ষিণে: ২০ ফুট চওড়া রাস্তা, পূর্বে: ১০ ফুট চওড়া কমন প্যাসেজ, পশ্চিমে: দাগ নং ৩৭৬।

শিডিউল - বি
(২ টি ফ্ল্যাটের বিবরণ)

নিম্নে উল্লিখিত প্রেমিসেস নং বিসি/৭৯, কৃষ্ণপুর রবীন্দ্রপল্লী বাই লেন, কমল পার্ক, ওয়ার্ড নং ২৪ (পূর্বে ৩৩), বিধান নগর কর্পোরেশনের স্থানীয় সীমার মধ্যে, কমন এরিয়া সহ শিডিউল -এর জমির অবিভক্ত এবং অবিভাজ্য সমানুপাতিক ভাগ সহ, ২ টি বারান্দা, ১ টি টয়লেট, ১ টি বসার ও খাবার ঘর, ৩ টি শোবার ঘর সহ মোটামুটি ১১৩০ বফু মাপের সম্পূর্ণ সুপার বিল্ট আপ এরিয়া সহ (জি+৪ তলা) " অনুরাগ অ্যাপার্টমেন্ট" -এর ৪ তলাতে ৭ ও ৮ নং ২ টি ফ্ল্যাট।

শিডিউল- সি
(বন্ধকপ্রদত্ত ফ্ল্যাটের বিবরণ)

বিক্রেতাগণের টাইটেল ডিডে যে রকম উল্লিখিত আছে সেরকম সব সুযোগ- সুবিধা সহ এবং সব ইজারাদারি এবং কোয়াসি- ইজারাদারি অধিকারগুলি সহ, শিডিউল -এর সম্পত্তির অবিভক্ত জমিতে সমানুপাতিক ভাগ সহ, বিধান নগর মিউনিসিপ্যাল কর্পোরেশনের, প্রেমিসেস নং বিসি/৭৯, রবীন্দ্রপল্লী বাই লেন, হোল্ডিং নং আর জি এম /১৪৫/৩/৩৫৩/বি/বিসি, ওয়ার্ড নং ২৪ (পূর্বে ৩৩)-এর অধীনে অবস্থিত, ১টি টয়লেট এবং ১টি বারান্দা, ১ টি খাবার এবং বসার ঘর, ১টি শোবার ঘর সহ, ১১৫০ বফুর মধ্যে মোটামুটি ৬৯১ বফু সুপার বিল্ট আপ এরিয়া সহ, "অনুরাগ অ্যাপার্টমেন্ট" নামের উক্ত বহুতল বাড়ির ৪ তলার দক্ষিণ দিকে তৈরী ফ্ল্যাট নং ৭ ফ্ল্যাটটির **চতুর্সীমা নিম্নলিখিতরূপ:**
উত্তরে: বিক্রেতাসমূহ, সিঁড়ি এবং লবি, দক্ষিণে:খোলা জমি, পূর্বে: খোলা জমি, পশ্চিমে: খোলা জমি, বিক্রেতাগণ।

তারিখ : ১লা জুলাই ২৪
স্থান : বিধাননগর

স্বাঃ/-(অনুমোদিত আধিকারিক)
ইয়েস ব্যাঙ্ক লিমিটেড